# লোকবার্তা

ছাব্বিশ-তম বর্ষ। দ্বিতীয় সংখ্যা | লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুলেটিন | এপ্রিল ২০২৩ – জুন ২০২৩


## “ধনধান্য মঞ্চ” উদ্বোধন অনুষ্ঠানে লোকশিল্পীরা




লোকশিল্পীদের সাথে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

**১৩ এপ্রিল ২০২৩**, কলকাতার আলিপুরে ‘ধনধন্য মঞ্চ’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট অতিথিদের স্বাগত জানাতে উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলার বিভিন্ন আঙ্গিকের লোক শিল্পীরা এবং হুগলি জেলার বাউল গানের শিল্পীরা উপস্থিত ছিলেন। মোট অংশগ্রহণকারী শিল্পী **২০১ জন**।

## সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিবস উদ্‌যাপন




লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে ঝাড়গ্রাম জেলা প্রশাসন ও ঝাড়গ্রাম জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ ব্যবস্থাপনায় **৩০ এপ্রিল ২০২৩** শিলদার কামারবান্দি গ্রামে পালিত হয় কবি সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয়া মন্ত্রী ও কেন্দ্রের সভাপতি শ্রীমতি বীরবাঁহা হাঁসদা, মহকুমা শাসক (ঝাড়গ্রাম), সাধু রামচাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, জেলা পরিষদের কর্মাধ্যক্ষগণ সহ জেলা ও ব্লক প্রশাসনের অধিকারিকবৃন্দ। কবির মূর্তিতে মাল্যদান, পদযাত্রা, সাহিত্য সভা ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে কবিকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়।



লালন পুরস্কার পেলেন ১০৩ বছরের আলকাপ শিল্পী আব্দুল হাসিব

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র প্রবর্তিত পুরস্কার প্রদান

**২৬ মে ২০২৩**, কলকাতার নিউটাউনের নজরুলতীর্থে ‘নজরুল জয়ন্তী’ উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত বিভিন্ন আকাদেমি, পর্ষদ ও কেন্দ্র প্রবর্তিত সংশ্লিষ্ট পুরস্কার প্রদান করা হয়।

| পুরস্কারের নাম | প্রাপকের নাম ও জেলা |
| --- | --- |
| লালন পুরস্কার | আব্দুল হাসিব, মুর্শিদাবাদ |
| ঠাকুর পঞ্চানন বর্মা পুরস্কার | বুধেশ্বরী রায়, জলপাইগুড়ি |
| পণ্ডিত রঘুনাথ মুর্মু পুরস্কার | সোমাই কিস্কু, বর্ধমান |
| সুধী প্রধান পুরস্কার | সুশান্ত মাহাতো, পুরুলিয়া |




ঠাকুর পঞ্চানন বর্মা পুরস্কার পেলেন ৯৪ বছরের মেচেনী শিল্পী বুধেশ্বরী রায়

## "জি ২০ সম্মেলন (তৃতীয় পর্যায়)" অনুষ্ঠানে লোকশিল্পীরা



"জি ২০ সম্মেলন" শিলিগুড়ি

**১ এপ্রিল ২০২৩** থেকে **৩ এপ্রিল ২০২৩** শিলিগুড়িতে "জি ২০ সম্মেলন (তৃতীয় পর্যায়)" অনুষ্ঠিত হয়। তিন দিনের এই অনুষ্ঠানে **২ এপ্রিল ২০২৩** লোকপ্রসার প্রকল্পের লোকশিল্পীরা অংশগ্রহণ করেন। পরিবেশিত হয় পুরুলিয়া জেলার ছৌ নৃত্য, বীরভূম জেলার আদিবাসী নৃত্য, হুগলি, পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা ও হাওড়া জেলার শ্রীখোল বাদ্য, দার্জিলিং জেলার ঢাক বাদ্য ও পূর্ব বর্ধমান জেলার ঢোল বাদ্য। মোট **৩৭ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেন।

## পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য আকাদেমির উৎসবে লোকশিল্পীরা

**১৪ এপ্রিল ২০২৩** থেকে **১৭ এপ্রিল ২০২৩**, পশ্চিমবঙ্গ তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য আকাদেমি বাবা সাহেব ভীমরাও আম্বেদকরের জন্মদিন উপলক্ষ্যে চার দিন ব্যাপী 'দলিত সাহিত্য উৎসব'-এর আয়োজন করে। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে 'একতারা মুক্ত মঞ্চ'তে এই উৎসবের শুভ সূচনা হয়। **১৪ এপ্রিল ২০২৩** অনুষ্ঠানের প্রথম দিন পরিবেশিত হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা ও হুগলি জেলার আদিবাসী নৃত্য, বীরভূমের বহুরূপী, পূর্ব বর্ধমানের ঘোড়া নাচ ও পুরুলিয়া জেলার ছৌ নৃত্য। **১৫ এপ্রিল ২০২৩** পরিবেশিত হয় পুরুলিয়ার ছৌ নৃত্য ও ১৭ এপ্রিল ২০২৩ অনুষ্ঠিত হয় পূর্ব বর্ধমানের রণপা নৃত্য। মোট **১৩০ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন। পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য উৎসবে বিভিন্ন লোক আঙ্গিকের অনুষ্ঠান পরিবেশিত হয়েছিল। এই উৎসবে বিভাগের বিভিন্ন শাখার সাথে লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির কেন্দ্রের বুকস্টল ছিল। কেন্দ্রের বুকস্টলে উৎসাহী পাঠকের সমাবেশ ছিল দেখার মতো।

## তথ্য ও সংস্কৃতি বিভাগের বিভিন্ন অনুষ্ঠানে কেন্দ্রের বুক স্টল




কেন্দ্রের বুক স্টলে মাননীয়া সদস্যা শ্রীমতি নিয়তি মাহাতো

**১৪ এপ্রিল ২০২৩** থেকে **১৭ এপ্রিল ২০২৩**, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য আকাদেমির "দলিত সাহিত্য উৎসব" উপলক্ষে বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির বুক স্টল ছিল। এই উৎসবে কেন্দ্রের প্রায় **৮ হাজার** টাকার বই বিক্রি হয়েছে।

**৩ মে ২০২৩** থেকে **৬ মে ২০২৩**, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত 'পশ্চিমবঙ্গ কবিতা আকাদেমি'র উদ্যোগে রবীন্দ্রসদন, নন্দন, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি পশ্চিমবঙ্গ চারুকলা পর্ষদ প্রাঙ্গণে ও "একতারা মুক্তমঞ্চ"তে কবিতা উৎসব অনুষ্ঠিত হয়। এই উৎসবে বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল।

**১০ মে ২০২৩** থেকে **২৪ মে ২০২৩** তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে রবীন্দ্রসদন, নন্দন ও পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে রবীন্দ্র জন্মজয়ন্তী ২০২৩ উৎসব উদ্‌যাপিত হয়। সেই উপলক্ষ্যে বিভাগের বিভিন্ন শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল।

**২৭ মে ২০২৩** থেকে **৩০ মে ২০২৩** তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে রবীন্দ্রসদন, নন্দন ও পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রাঙ্গণে নজরুল জন্মোৎসব ২০২৩ অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংকৃতির বুক স্টল ছিল। এই তিনটি অনুষ্ঠানে কেন্দ্রের প্রায় **২১ হাজার টাকার** বই বিক্রি হয়েছে।

# দিল্লির “বেঙ্গল ম্যাংগো মেলা ও হ্যান্ডিক্রাফটস এক্সপো ২০২৩”-এ লোকশিল্পীদের অনুষ্ঠান




ঢাকবাদ্য

**৫ জুন ২০২৩** থেকে **১৯ জুন ২০২৩**, নতুন দিল্লির জনপথের হ্যান্ডলুম হাট-এ অনুষ্ঠিত হয় “বেঙ্গল ম্যাংগো মেলা ও হ্যান্ডলুম হ্যান্ডিক্রাফটস এক্সপো ২০২৩।” এই মেলা ও এক্সপোতে অনুষ্ঠান পরিবেশন করেন পশ্চিমবঙ্গের লোক প্রসার প্রকল্পের শিল্পীরা। **৫ জুন ২০২৩** থেকে **১৮ জুন ২০২৩** পরিবেশিত হয় নদিয়ার (**১ জন পুরুষ**), উত্তর ২৪ পরগনার (**১ জন মহিলা**) শিল্পীদের বাউল গান ও **৫ জুন ২০২৩** থেকে **১১ জুন ২০২৩** মুর্শিদাবাদ জেলার লোকশিল্পীদের ঢাক বাদ্য। **১১ জুন ২০২৩** পরিবেশিত হয় হুগলি জেলার শ্রীখোল বাদ্য। মোট **১৪ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেন।


# প্রেস ক্লাবের অনুষ্ঠান




ফকিরি গানের অনুষ্ঠান

**২০ এপ্রিল ২০২৩** সন্ধ্যায় প্রেস ক্লাব কলকাতার বর্ষবরণ অনুষ্ঠানে লোকপ্রসার প্রকল্পের লোকশিল্পীরা অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে পরিবেশিত হয় বীরভূম জেলার বাউল গান ও নদিয়া জেলার ফকিরি গান। মোট **১২ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

# পুরীর “শ্রীশ্রী জগন্নাথদেব ও রুক্মিণী দেবীর পুণ্য বিবাহবার্ষিকী উৎসব” অনুষ্ঠানে লোকশিল্পীরা



শ্রীশ্রী জগন্নাথ দেবের পুণ্য বিবাহবার্ষিকী অনুষ্ঠানে লোকশিল্পীরা

প্রতি বছরের মত এ বছরেও ওড়িশার পুরীর শ্রীমন্দিরে শ্রীশ্রী জগন্নাথ দেব ও দেবী রুক্মিণীর বিবাহবার্ষিকী উৎসব অনুষ্ঠিত হয়। এই বিশেষ পুণ্য তিথিতে **১ জুন ২০২৩** সন্ধ্যায় মন্দিরের সিংহদ্বারে বাউল গান পরিবেশন করেন পূর্ব মেদিনীপুর জেলা থেকে **৬ জন** মহিলা এবং **২ জন** পুরুষ শিল্পী। পশ্চিম মেদিনীপুর জেলা থেকে বাউল গান পরিবেশন করেন **৪ জন** মহিলা শিল্পী ও **২ জন** পুরুষ শিল্পী। মোট **১৪ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

# ২০২৩-২৪ অর্থবর্ষের লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সাধারণ সভা


লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের ২০২৩-২৪ অর্থবর্ষের সাধারণ সভা অনুষ্ঠিত হয় **১১ মে ২০২৩** রবীন্দ্রসদনের সম্মেলন কক্ষে। সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রের মাননীয়া সভাপতি, কেন্দ্রের সচিব এবং অন্যান্য বিশিষ্ট সদস্যরা।

সভার আলোচ্য সূচি ছিল—


২০২২-২০২৩ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন পেশ।
২০২২-২০২৩ অর্থবর্ষের আয়ব্যয়ের হিসাব পেশ।
২০২৩-২০২৪ অর্থবর্ষের বাজেট পেশ।
২০২৩-২০২৪ অর্থবর্ষের কর্মসূচি পেশ।
বিবিধ।

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা

অমল কে ভৌমিক
লৌকিক ছড়ায় লোকগণিত ৩০০.০০
অমিতাভ মুখোপাধ্যায়
মূল্যবোধের বিকাশে লোকসংস্কৃতির ভূমিকা ২০০.০০
অমিয়শঙ্কর চৌধুরী
পল্লিকবি একলিমুর রাজার সংগীতমালা ৮০.০০




অরুণকুমার রায়
লোকায়নচর্চার ভূমিকা ৫০.০০
অশোক ভট্টাচার্য
পশ্চিমবঙ্গের পটচিত্র ৪০০.০০
আদিত্য মুখোপাধ্যায়
রণনৃত্য ৭০.০০
আবদুর রাকিব
চারণকবি গুমানি দেওয়ান ১০০.০০



আবুল আহসান চৌধুরী
আব্বাসউদ্দিন ১২০.০০
উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
চিত্তরঞ্জন সেনগুপ্ত (তরজামাইচ)
মুরুলিমোহন হাঁসদা (গড়ঃ ইচ্)
টুনটুনি রেয়াঃ কাথা ৫০.০০
কালাচাঁদ মাহালী
মাহালী লোকগান ও লোককথা ১৫০.০০




গদাধর দে
লোকায়ত বাংলা দোঁহা ১৫০.০০
গৌতমকুমার দাস
গাজন ভাটা দেলের গান ১৫০.০০
ডাবলু সরেন
সাঁওতালি নাটকের কথা ১৫০.০০
তনয় মণ্ডল
রাজবংশি লোকচিকিৎসা ১০০.০০





তারাপদ সাঁতরা
পশ্চিমবঙ্গের লোকশিল্প ও শিল্পীসমাজ ৩০০.০০
দিনেন্দ্র চৌধুরী
গ্রাম নগরের গান ১০০.০০
গ্রামীণ গীতিসংগ্রহ দ্বিতীয় খণ্ড ২২৫.০০
দেবজিত্ বন্দ্যোপাধ্যায়
বঙ্গরঙ্গমঞ্চে লোকসংগীত ১৮০.০০





দীপক বিশ্বাস
কবিয়াল লম্বোদর চক্রবর্তী ৬০.০০
দীপঙ্কর ঘোষ
আদিবাসী শিকার সংস্কৃতি ১২০.০০
ধনঞ্জয় রায়
খন ৭০.০০
ধীরেন্দ্রনাথ কর
রাঢ় বাঁকুড়ার লোকভাষা ও লোকশব্দাবলী ১৭০.০০




ধীরেন্দ্রনাথ বাস্কে
আদিবাসী সমাজ ও পালপার্বণ ১৭০.০০
নিখিলকুমার চন্দ
টগর অধিকারী ৫০.০০
নির্মলেন্দু দে
জেতোড় লোকসাহিত্য ১২০.০০




নিরঞ্জন বন্দ্যোপাধ্যায়
সুধী প্রধান : জীবন ও সাধনা ৭৫.০০
নিশীথ চক্রবর্তী
পুতুল নাচ ৮০.০০
পশুপতিপ্রসাদ মাহাতো (সম্পা.)
মহাকবি বিনন্দিয়া সিংহের পদাবলী : রামায়ণ ও রাধাকৃষ্ণ ১৫০.০০
পুষ্পজিৎ রায়
গম্ভীরা ১০০.০০




মালদহ জেলার লৌকিক ছড়া ও সংগীত ১২০.০০
পার্থসারথি হাটি
ছড়ার ছন্দ ও আধুনিক কবিতা ৫০০.০০
প্রমোদ নাথ
তামাঙ ৬০.০০
বরুণকুমার চক্রবর্তী
লেটো ১৫০.০০





বরুণ কুমার চক্রবর্তী ও সুমন চ্যাটার্জি সম্পাদিত
লোকসংস্কৃতির তত্ত্বতালাশ ২৫০.০০
বিকাশ পাল
খেলার ছড়া ঃ ছড়ার খেলা ২৫০.০০
বাসুদেব ঘোষ
প্রবাদের গল্প ২০০.০০
বাংলার অধিবাসী ৫০০.০০




বিকাশকান্তি মিদ্যা
দক্ষিণ চব্বিশ পরগনার স্থান নাম ১৭০.০০
বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়
ধর্মঠাকুর শূন্যপুরাণ প্রসঙ্গে ১৭০.০০
বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়
নজরুল সাহিত্যে লৌকিক জীবন ও সংস্কৃতি ২০০.০০
মণিমোহন দাস
গ্রামীণ সংগীতের ডালি ১৫০.০০




মহঃ জাহাঙ্গীর হোসেন
বাংলাদেশের লোকনাট্য ৪০০.০০
মালিনী ভট্টাচার্য (সম্পা.)
সুধী প্রধান স্মারক গ্রন্থ ২০০.০০
মালিনী ভট্টাচার্য ও প্রদীপ্ত বাগচি
কবিয়াল গুরুদাস পাল ৫০.০০
মিহির ভট্টাচার্য (সম্পা.)
লোকশ্রুতি প্রবন্ধ সংকলন ২০০.০০
মুহম্মদ আয়ুব হোসেন
মহিলা কথকদের কেচ্ছা এবং রূপকথা ১০০.০০




## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা


মোহিত রায়
বোলান ৮০.০০
যোগেন্দ্রনাথ দাস (সংকলন) নিখিলেশ রায় (সম্পা.)
উককতার ঝোপা ১৫০.০০
রীতা সাহা
রবীন্দ্রমানসে লোকসংগীতের প্রভাব ৩০০.০০
লোকনাথ দত্ত (অরুণ চৌধুরী সম্পা.)
সাঁওতাল কাহিনী : বনবীর গাথা ৫০.০০
শক্তিনাথ ঝা
আলকাপ ১২০.০০
ঝাকসু ২৫.০০
শ্রমসংগীত ১০০.০০
শশাঙ্কশেখর দাস
বনবিবি ১০০.০০
শামস্ আলদীন্
লোকসাহিত্যে নারী ২০০.০০
শ্যামল বেরা
ভাঁড়যাত্রা ৯০.০০
শিখা বন্দ্যোপাধ্যায়
লোকসংস্কৃতি চর্চা ও সুকুমার সেন ১০০.০০
শিবপদ ভৌমিক ও সুস্মিতা ভৌমিক
লোকসংস্কৃতি চর্চা ৮০.০০
শিবপ্রসাদ চট্টোপাধ্যায়
লোকায়ত পশ্চিমরাঢ় ১৩০.০০
শিবেন্দুশেখর মিশ্র
সাঁওতাল : সমাজ সংস্কৃতি ও সংগ্রাম ২৫০.০০
শ্যামাপদ বর্মন
ভাওয়াইয়া গীতিসংগ্রহ ও স্বরলিপি ১০০.০০
সহদেব মুরমু
শিকাঁর দিসম রেয়াঃ সহরায় এনেচ্
সেরেঞ ১৫০.০০
সঙ্গীতা সেন
মুখোশশিল্প ৮০.০০
সাগর চট্টোপাধ্যায়
সুন্দরবনের কারুশিল্প ও কারুশিল্পী ২৫০.০০
সুব্রত চক্রবর্তী
ভাদু ১২০.০০
সুব্রত মুখোপাধ্যায়
জঙ্গলমহলের জনসংস্কৃতি ১০০.০০
সীমান্ত বাংলার লোকক্রীড়া ৩০.০০
সুবোধ চৌধুরী
ডোমনি ৬০.০০
সুবোধ বসু রায়
রাঢ়বঙ্গের কারুশিল্প ৪০.০০
সুশান্ত বিশ্বাস
মালপাহাড়িয়া ৪৫.০০
লুপ্তপ্রায় লোকসংস্কৃতি ৭৫.০০















সুহাসিনী দেবী
মেয়েলি ব্রতকথা ১৫০.০০
স্বপন মুখোপাধ্যায়
গম্ভীরার অতীত ও বর্তমান ৫০০.০০
সোমা মুখোপাধ্যায়
বাংলার দাই ২৫০.০০
হরেকৃষ্ণ হালদার
বঙ্গের শ্রীখোল ৫০০.০০
হাবিবুর রহমান
সামাজিক উন্নয়নে ফোকলোর ১৫০.০০
জেলা লোকসংস্কৃতি পরিচয়
নদিয়া ১৫০.০০, বর্ধমান ১৪০.০০,
বাঁকুড়া ১০০.০০, হাওড়া ৭০.০০,
মেদিনীপুর ১৪০.০০
মুর্শিদাবাদ ৪৫০.০০, পুরুলিয়া ৪০০.০০,
মালদহ ৪৫০.০০, বীরভূম ৪০০.০০,
উত্তর দিনাজপুর ৩৫০.০০
আলিপুরদুয়ার ৪০০.০০,
দক্ষিণ দিনাজপুর ৪০০.০০
দক্ষিণ ২৪ পরগনা ৬০০.০০
কোচবিহার ৪০০.০০
পশ্চিমবঙ্গের মেলা ৩০০.০০
বঙ্গীয় লোকসংগীত কোষ ৪০০.০০
লোকদেবতা ও উৎসব : নানা প্রসঙ্গ ২৫০.০০
লোকভাষার নানা দিগন্ত ১৫০.০০
রবীন্দ্রনাথের ছড়া পটুয়ার গান *প্রতিটি* ১০.০০
**Santal Architecture** *200.00*
**Folk Music and Folklore : An Anthology** *300.00*
**Hemango Biswas (ed.)**
**Barun Kumar Chakraborty**
**Essays on Folkloristics** *300.00*
লোকশ্রুতি (ষাণ্মাসিক গবেষণা পত্রিকা) ৫০.০০ প্রতি সংখ্যা


### ক্যাসেট ও সিডি

ঝুমুর, লালনের গান, দরবেশি গান, ভাওয়াইয়া, ভাটিয়ালি, দাশরথি রায়ের পাঁচালি, বঙ্গরঙ্গমঞ্চের লোকসংগীত, বাউল গান, ধামাইল, গোয়ালপাড়ার ভাওয়াইয়া, সাধু রামচাঁদ মুর্মুর গান, রণেন রায়চৌধুরীর মারিফতি, অনন্তবালা বৈষ্ণবীর গান, বাহা, দং, লাগড়েঁ, দরবারি ঝুমুর, ভাদু, টুসু, করম, কবিগান, ফকিরি গান, তরজা গান, তিস্তা নদীর পাড়ে পাড়ে, মেচ ও রাভা ইত্যাদি।







**প্রাপ্তিস্থান**

**রবীন্দ্রসদন 'বইঘর', দক্ষিণাপণ মার্কেটে 'লোকসংস্কৃতির বই' স্টল ও কেন্দ্রের লোকগ্রামের কার্যালয়**

## ‘আর্টিস্ট ফোরাম অফ বেঙ্গল’-এর পদযাত্রায় লোকশিল্পীরা

**১৫ এপ্রিল ২০২৩** ‘আর্টিস্ট ফোরাম অফ বেঙ্গল’ দ্বারা আয়োজিত ইউনেস্কো ঘোষিত “World Art Day” এবং একই দিনে বাংলা নববর্ষ ১৪৩০ উদ্‌যাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠান উদ্‌যাপন উপলক্ষে ঐদিন সকালে রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, গোলপার্ক থেকে একটি বর্ণময় শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। এই পদযাত্রায় অংশগ্রহণ করেন পুরুলিয়া জেলার ছৌ নৃত্য, পূর্ব বর্ধমান জেলার রণপা নৃত্য ও দক্ষিণ ২৪ পরগনা জেলার ঢাক বাদ্যের লোকশিল্পীরা। মোট **৫০ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেন। বর্ণাঢ্য এই শোভাযাত্রা এবং লোকশিল্পীদের অনুষ্ঠান দেখার জন্য ঐদিন সকালে অসংখ্য মানুষের সমাবেশ ঘটেছিল।

## ‘গড়িয়াহাট হিন্দুস্থান ক্লাব” এর অনুষ্ঠানে লোকশিল্পীরা

“গড়িয়াহাট হিন্দুস্থান ক্লাব” বহু বছর ধরে নানা রকম সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান করে আসছেন যার মধ্যে অন্যতম হল মহিলাদের দ্বারা আয়োজিত দুর্গা পুজো। এ বছর **১৩ মে ২০২৩** ক্লাব প্রাঙ্গণে রবীন্দ্র জন্মোৎসব উদ্‌যাপিত করা হয়। এই অনুষ্ঠান উপলক্ষ্যে একটি বর্ণময় শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। সেই শোভাযাত্রায় অংশগ্রহণ করেছিলেন উত্তর ২৪ পরগনা জেলার বাউল গানের (মহিলা) শিল্পী, আদিবাসী নৃত্যের (মহিলা) শিল্পী ও মহিলা ঢাকি। মোট **৫০ জন** লোকশিল্পী এই বর্ণময় শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। বর্ণময় এই শোভাযাত্রায় মহিলা লোকশিল্পীদের অনুষ্ঠান দেখার জন্য অসংখ্য উৎসাহী মানুষ সমবেত হয়েছিলেন।

## বিভিন্ন অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের লোকপ্রসার প্রকল্পের শিল্পীরা

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র থেকে এপ্রিল ২০২৩ থেকে জুন ২০২৩, বিভিন্ন সরকারি অনুষ্ঠান ছাড়াও লোকপ্রসার প্রকল্পের অন্তর্গত অন্যান্য যে সমস্ত অনুষ্ঠানে বিভিন্ন লোক আঙ্গিকের লোকশিল্পীরা অনুষ্ঠান করেছিলেন। সেগুলি হলো: রাইবেঁশে ১টি, নাটুয়া ২টি, আদিবাসী নৃত্য ৯টি, বাউল গান ৮টি, মহিলা বাউল ১টি, মহিলা ঢাক বাদ্য ৪টি, রণপা নৃত্য ৬টি, শ্রীখোল বাদ্য ২টি, ছৌ নৃত্য ৫টি, ঢাক বাদ্য ৩টি, বহুরূপী ১টি, ঘোড়া নৃত্য ১টি, ভাটিয়ালি গান ১টি, ফকিরি গান ১টি। মোট **৪৫টি** অনুষ্ঠান হয়েছে।

## গ্রন্থ পরিচয়

### বাংলার আদিবাসী : আদিবাসী চর্চার সামগ্রিকতা

**লেখক:বাসুদেব ঘোষ; প্রকাশক: লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র**




ইংরেজি ভাষায় যাকে compendium বলা হয় **বাসুদেব ঘোষ** রচিত **বাংলার আদিবাসী** গ্রন্থটি সংগত অর্থেই সেই অভিধার অধিকারী। তথ্য, বিবরণ, সারণি, রেখাচিত্র, আলোকচিত্র সহযোগে এই গ্রন্থ বাংলার **৪৭টি** আদিবাসী সম্প্রদায়ের পরিচিতি উপস্থাপনের প্রয়াসে যে সামগ্রিকতায় পৌঁছায় তা বাংলা ভাষায় আদিবাসী-চর্চার ইতিহাসে বিরল।

ঔপনিবেশিক ভারতে বাংলা তথা ভারতের আদিবাসী জনজীবন নিয়ে চর্চার সূচনা প্রশাসনিক প্রয়োজনেই। পশ্চিমের দুই বিশিষ্ট মানুষ ই.টি ডালটন এবং এইচ.এইচ. রিসলে এ বিষয়ে পথিকৃৎতুল্য। কিন্তু স্বাধীনতা-উত্তরকালে বাংলার আদিবাসী সমাজ নিয়ে চর্চার সামগ্রিক আয়োজন আদৌ যথেষ্ট নয়। এই আক্ষেপ নিরসনের পথে আমাদের অনেকখানি এগিয়ে দেয় **বাংলার আদিবাসী**।

গ্রন্থসূচনায় আদিবাসী সমাজের ইতিহাসপ্রেক্ষিত উপস্থাপনের সঙ্গে তাদের নৃতাত্ত্বিক পরিচিতি বিষয়ে পাঠককে অবহিত করেছেন লেখক। অতঃপর প্রতিটি আদিবাসী কৌম নিয়ে স্বতন্ত্র এক-একটি অধ্যায়। সেইসব অধ্যায়ে ঋজু গদ্যে সংশ্লিষ্ট আদিবাসী গোষ্ঠীর উদ্ভব, তাদের কৌমে জন্ম মৃত্যু বিবাহ উপলক্ষ্যে সামাজিক আচার-আয়োজন ও লোকাচার বিষয়ে কৌতূহল-উদ্দীপক বিবরণ; তাদের উৎসব, সংস্কৃতি, পরিধান, ভাষা, ধর্মবিশ্বাস ইত্যাদি নিয়ে পরিমিত পরিসরে আলোচনার পর সংশ্লিষ্ট আদিবাসী নরনারীর বহুবর্ণের চিত্র, জেলাভিত্তিক তাদের জনসংখ্যার বিবরণ দিয়ে অধ্যায়ের সমাপ্তি।

এইভাবেই এক-একটি অধ্যায় হয়ে ওঠে বাংলার আদিবাসী জীবনের এক-একটি স্বয়ংসম্পূর্ণ ভুবন।

গ্রন্থের গুরুত্ব বৃদ্ধি করে আদিবাসী-অন্তপ্রাণ জ্ঞানব্রতী সুহৃদ কুমার ভৌমিকের লেখা ভূমিকা এবং অবয়ব সৌন্দর্য বৃদ্ধি করে সমর মুখোপাধ্যায় কৃত প্রচ্ছদচিত্র ও অলংকরণ। এই দুই প্রবীণ গুণী মানুষের প্রতি আমাদের শ্রদ্ধা।

পরিশিষ্টে যোজিত সারণি ও রেখাচিত্রগুলি আমাদের পাঠপ্রাপ্তিতে পূর্ণতা এনে দেয়।

**শুভময় মন্ডল**

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষে **কৌস্তুভ তরফদার**, সচিব কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., ১৪৩ ওল্ড যশোর রোড, কলকাতা ৭০০ ১৩২ থেকে মুদ্রিত। কার্যালয় : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ‘লোকগ্রাম’, ছিট-কালিকাপুর, কলকাতা ৭০০০৯৯। ফোন : (০৩৩) ২৪২৬-২৭২৮/২৬৩৭ (ফ্যাক্স) ই-মেল : loksanskriti@live.com
সম্পাদক : জয় গোস্বামী ।। সহ সম্পাদক : নন্দিনী রায়